সংবাদ

তারিখ 07.SEP.2015
পৃষ্ঠা ১ কলাম ১

সংবাদ সম্মেলনে মন্ত্রী

# উপবৃত্তিভোগীর সংখ্যা বাড়ছে আরও ৫২ লাখ

নিজস্ব বার্তা পরিবেশক

প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে উপবৃত্তিভোগী শিক্ষার্থীর সংখ্যা আরও ৫২ লাখ বাড়ানো হবে। এখন প্রাথমিকে ৭৮ লাখ শিক্ষার্থী উপবৃত্তি পাচ্ছে। শীঘ্রই এটি এক কোটি ৩০ লাখে উন্নীত করা হবে। এ তথ্য জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। গতকাল সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এসব কথা জানান। আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের প্রাক্কালে আয়োজিত এই সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংসদ সদস্য নজরুল ইসলাম ও প্রাথমিক ও গণশিক্ষা সচিব মেছবাহ-উল আলম।

মন্ত্রী জানান, 'সাক্ষরতা আর দক্ষতা, টেকসই সমাজের মূল কথা'- এই প্রতিপাদ্য নিয়ে ৮ সেপ্টেম্বর সংখ্যা : পৃষ্ঠা : ১৫ ক : ৬

## সংখ্যা : বাড়ছে

(১ম পৃষ্ঠার পর)

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হবে। দিবসটি উপলক্ষে ওসমানী স্মৃতি মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।" সভায় প্রধান অতিথি থাকবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সকাল ৮টায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে ওসমানী স্মৃতি মিলনায়তন পর্যন্ত অনুষ্ঠিত হবে বর্ণাঢ্য র‍্যালি।